



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭(অংশ)-২০৮

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৭
১২ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং-৩২৮৪/২০২০ মামলায় গত ০৯.০৩.২০ খ্রি. তারিখে প্রদত্ত রায়ে আলোকে “রাজশাহী জেলার তানোর উপজেলাধীন মুড়ুমাল্লা কামিল মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক গত ১৯.০৩.২০১৯ তারিখের সাময়িক বরখাস্তের আদেশ বাতিল” শীর্ষক আবেদনটি (০৪.০২.২০ তারিখের) নিষ্পত্তিকরণ।

সূত্র: মুড়ুমাল্লা কামিল মাদ্রাসার প্রভাষক (আরবি) জনাব মো: আনেশুর রহমান এর আবেদন তারিখ: ২২.০৩.২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনে জানানো হয়েছে যে, রাজশাহী জেলার তানোর উপজেলাধীন মুড়ুমাল্লা কামিল মাদ্রাসায় প্রভাষক (আরবি) হিসেবে জনাব মো: আনেশুর রহমান কর্তৃক গত ১১.০৭.২০০২ খ্রি. তারিখে যোগদান করা হয়। তানোর থানায় গত ০৭.০২.১৮ খ্রি. তারিখে বুজুকৃত ৬নং মামলায় সন্দেহভাজন আসামী হিসেবে তাকে গত ০৭.১১.১৮ খ্রি. তারিখে থানা পুলিশ কর্তৃক গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করা হয়।

০২। উক্ত মামলায় বর্ণিত শিক্ষক জামিনে মুক্ত হয়ে মাদ্রাসায় কর্মরত থাকা অবস্থায় মুড়ুমাল্লা কামিল মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক গত ১৯.০৩.১৯ খ্রি. তারিখে উক্ত শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

০৩। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর নির্দেশনা অনুযায়ী কোন শিক্ষককে ৬০ দিনের অধিক সাময়িক বরখাস্ত করে রাখা হলে তাকে পূর্ণ বেতন ভাতাদি প্রদানের নির্দেশনা রয়েছে। অধিকন্তু মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক পত্রও এরূপ নির্দেশনা রয়েছে।

০৪। প্রভাষক (আরবি) জনাব মো: আনেশুর রহমান (সাময়িক বরখাস্তকৃত) গত ১৯.০৩.২০১৯ তারিখের সাময়িক বরখাস্তের আদেশ বাতিলকরণ” শীর্ষক আবেদনটি (০৪.০২.২০ তারিখের) নিষ্পত্তিকরণের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩২৮৪/২০২০ দায়ের করা হয়।

০৫। মহামান্য আদালত গত ০৯.০৩.২০ খ্রি. তারিখের রায়/আদেশে পিটিশনার কর্তৃক গত ০৪.০২.২০ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ১নং Respondent সচিব, TMED কে নির্দেশনা দেয়া হয়েছে।

০৬। সাময়িক বরখাস্তকৃত প্রভাষক (আরবি) জনাব মো: আনেশুর রহমানকে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক গত ১৯.০৩.২০১৯ তারিখের সাময়িক বরখাস্তের আদেশ বাতিল” চেয়ে মহামান্য হাইকোর্টে দাখিলকৃত ০৪.০২.২০ তারিখের আবেদনটি মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ০৯.০৩.২০ খ্রি. তারিখের নির্দেশনার আলোকে নিষ্পত্তিকরণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৭। উল্লেখ্য যে, বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক/কর্মচারীকে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে উক্ত শিক্ষক পূর্ণ বেতন ও অন্যান্য ভাতাসমূহ (এমপিও) প্রাপ্য হবেন মর্মে রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৮। এফগে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক:

- মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩২৮৪/২০২০ মামলায় ০৯.০৩.২০ খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী পিটিশনার কর্তৃক ০৪.০২.২০ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনটি রিট পিটিশন নং-৩৬৫৭/১৫ মামলার রায়ের আলোকে নিষ্পত্তি করা আবশ্যিক। অর্থাৎ সাময়িক বরখাস্তের আওতাধীন জনাব আনেশুর রহমান এর এমপিও প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- সেসাথে জনাব আনেশুর রহমান এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলার সর্বশেষ অবস্থা TMED কে অবহিত করা আবশ্যিক।

০৯। এমতাবস্থায়, নোটানুচ্ছেদ ০৮ এর (ক) ও (খ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক প্রমাণকসহ Compliance Report আগামী ৩১.০৮.২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক সিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

অধ্যক্ষ

মুড়ুমাল্লা কামিল মাদ্রাসা, তানোর, রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- জনাব মো: আনেশুর রহমান, প্রভাষক (আরবি), সাময়িক বরখাস্তের আওতাধীন, মুড়ুমাল্লা কামিল মাদ্রাসা, তানোর, রাজশাহী।
- অফিস কপি/মাস্টার কপি।

F:\Office Work\Letter-2017.docx